চুয়াডাঙ্গায় যুব মহিলা লীগের দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঈদে মিলাদুন্নবী ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর সাড়ে তিনটার সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের কার্যালয়ে এই দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

ঈদে মিলাদুন্নবী ও শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় দোয়া মাহফিলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সহ পরিবারের সকল নিহত সদস্যদের রুহের মাগফেরাত কামনা করা হয় পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনা দীর্ঘায়ু কামনা সহ দেশ ও জাতি এবং বিশ্ব শান্তি কামনা করা হয়। দোয়া মাহফিল শেষে সাধারণ জনগণের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

দোয়া ও মিলাদ মাহফিল শেষে চুয়াডাঙ্গা-১ আসনের মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভীন এর নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর উপজেলা ও আলমডাঙ্গায় গণসংযোগ করা হয়। এ সময় তিনি শেখ হাসিনার উন্নয়ন চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের

নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ সহ নেতাকর্মী বৃন্দ।